

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং : ৪৭.৬২.১৯৭২.১০৯.১৮.০১০.১৭.১৩৬


তারিখ : ১৫/০৭/২০২১ খ্রিঃ

সভার নোটিশ

লাকসাম উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগনকে জানানো যাচ্ছে যে, আগামী ২১/০৭/২০২১ খ্রিঃ রোজ বুধবার সকাল ১১.৩০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী :

- ০১.বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২.মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় ও ঋণ বিতরণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ০৩.করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
- ০৪.বিবিধ।



মোঃ শরীফ মজুমদার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, লাকসাম, কুমিল্লা।

স্মারক নং : ৪৭.৬২.১৯৭২.১০৯.১৮.০১০.১৭.১৩৬

তারিখ : ১৫/০৭/২০২১ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

০২.উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।।


০৩.মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

০৪.জনাব..... সদস্য, পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

০৫.জনাব..... সদস্য, পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ও চেয়ারম্যান

..... ইউপি।

০৬.অফিস কপি।



মোঃ শরীফ মজুমদার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, লাকসাম, কুমিল্লা।

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্ট্যান্ডিং কমিটি সভার কার্যবিবরণী

স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন

তারিখঃ ২১/০৭/২০২১ খ্রিঃ

সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা

সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

অদ্যকার সভা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মহোদয়ের সভাপতিত্বে যথাসময়ে আরম্ভ হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্যসূচী ০১ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচ্যসূচী ০১ মোতাবেক উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। কোন প্রকার সংযোজন বিয়োজন না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

আলোচ্যসূচী ০২ঃ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায় ও ঋণ বিতরণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

আলোচ্যসূচী ০২ মোতাবেক উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিআরডিবি'র সার্বিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ হচ্ছে না এবং মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের টাকা সন্তোষজনক ভাবে আদায় হচ্ছেনা। মাঠ থেকে টাকা নিয়মিত আদায় না হলে এক সময় ঋণ বিতরণ কার্যক্রম স্থবির হয়ে পড়বে। নিয়মিত ফিল্ড ভিজিট করতে হবে এবং যেখানে ঋণ আদায়ে সমস্যা হবে তাৎক্ষণিক ভাবে জনপ্রতিনিধি সহ উপজেলা প্রশাসনকে অবগত করার জন্য সভাপতি মহোদয় সহ উপস্থিত সকলে সদস্য সচিবকে অনুরোধ করেন। সার্বিক কার্যক্রম পরিচালনায় কমিটির সদস্য সচিব সকলের সহযোগীতা কামনা করেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে এ বিষয়ে সকল সদস্যগণ একমত পোষন করেন এবং প্রস্তাবটি সভায় অনুমোদিত ও গৃহীত হয়।

আলোচ্যসূচী ০৩ঃ করোনাকালীন সময়ে স্বাস্থ্য বিধি মেনে সকল কার্যক্রম চলমান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

সভায় সদস্য সচিব জানান যে, সারা পৃথিবী ব্যাপী করোনা ভাইরাসের কারণে মানুষ আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছে। অনেক মানুষ কর্মহীন হয়ে পড়ছে। এভাবে চলতে থাকলে মানুষ আর্থিক ভাবে আরো ক্ষতির সম্মুখীন হবে। তারপর ও দেশের অর্থনীতির চাকা সচল রাখতে আমাদেরকে স্বাস্থ্য বিধি মেনে কাজ চালিয়ে যেতে হবে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে এ বিষয়ে সভা একমত পোষন করেন এবং করোনাকালীন সময়ে স্বাস্থ্য বিধি মেনে সকল কার্যক্রম চলমান রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।


২১/০৭/২১
(পড়শী সাহা)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি

লাকসাম, কুমিল্লা।

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সদস্যদের উপস্থিতিঃ

তারিখ : ২১/০৭/২০২১খ্রিঃ

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব পড়শী সাহা	সভাপতি, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান	স্বাক্ষরিত
০২	জনাব মোঃ রুহুল আমিন চেয়ারম্যান, আজগরা ইউপি	সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ নিজাম উদ্দিন শামীম চেয়ারম্যান, গোবিন্দপুর ইউপি	সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব মোঃ সাইফুল ইসলাম শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প	সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব মোঃ শাহজান মিয়া উপজেলা সমবায় অফিসার	সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ শরীফ মজুমদার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	সদস্য সচিব	স্বাক্ষরিত